

১৯/৮/১০

১৯/৮/১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২(আইন) শাখা।

১৯/৮/১০

১৯/৮/১০

নং-মপ্রাম/ম-২(আইন)/মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন-৭/০৬(অংশ-২)/২৫৯

তারিখঃ ১৬/০৮/২০১০ খ্রিঃ

প্রজ্ঞাপন

মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ (২০১০ সনের ২নং আইন) এর ধারা-৭ ও ৮ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ মন্ত্রণালয়ের বিগত ২০/০৭/২০১০ খ্রিঃ এর পত্রের স্মারক নং ০৭.১৪৫.০৪১.০০.০০.০৪৯.২০১০/৩৫ এর অনুমোদন মোতাবেক মৎস্যখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, মান-নিয়ন্ত্রণ, আমদানি, রপ্তানি, বিপন্নন, বিক্রয়, বিতরণ এবং আনুষঙ্গিক কার্যাবলী সম্পাদনের নিমিত্ত প্রস্তাবিত লাইসেন্স এর জন্য আবেদন ফি, লাইসেন্স ফি, নবায়ন ফি, ও আপিল আবেদন ফি নিম্ন বর্ণিত হারে নির্ধারণ করেছে।

ক্রঃ নং	লাইসেন্সের ক্যাটাগরী	মৎস্য অধিদপ্তর	ফি (টাকা)			
			আবেদন ফি	লাইসেন্স ফি	নবায়ন ফি	আপিল আবেদন ফি
১	২	৩	৪	৫	৬	৭
১।	ক্যাটাগরি-১ঃ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ এবং বাজারজাতকরণ	মৎস্যখাদ্য	৫০০/-	১০,০০০/-	৫,০০০/-	৬,০০০/-
২।	ক্যাটাগরি-২ঃ মৎস্যখাদ্য আমদানি ও রপ্তানি	মৎস্যখাদ্য	৫০০/-	১০,০০০/-	৫,০০০/-	৬,০০০/-
৩।	ক্যাটাগরি-৩ঃ(ক) মৎস্যখাদ্য বিক্রয় (পাইকারী)	মৎস্যখাদ্য	৩০০/-	১,০০০/-	৫০০/-	৬০০/-
৪।	ক্যাটাগরি-৩ঃ(খ) মৎস্যখাদ্য বিক্রয়(খুচরা)	মৎস্যখাদ্য	২০০/-	৫০০/-	২৫০/-	৩০০/-

০২। মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ কার্যকর হবার আরিখ হতে অর্থাৎ ২৮ জানুয়ারী ২০১০ খ্রিঃ/১৫ মাঘ ১৪১৬ বঙ্গাব্দ হতে প্রজ্ঞাপনটি কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

০৩। সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এ আইনের ২২ ধারা অনুসারে উদ্দেশ্য পূরনকল্পে প্রণীতব্য বিধিমালা কার্যকর হবার পূর্বপর্যন্ত এ প্রজ্ঞাপনটি বলবৎ থাকবে এবং উক্ত বিধিমালা কার্যকর হবার সাথে সাথে এ প্রজ্ঞাপনটি বিলুপ্ত বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৯/৮/১০

(আবু ফজল মোঃ রফি উদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
টেলিফোন : ৭১৬৭৩০৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ২। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মন্ত্রণালয়, মুদ্রণ লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। বাংলাদেশ গেজেট প্রকাশের অনুরোধসহ ও বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের ১০০(একশত)কপি অত্র মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধসহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mof.gov.bd

নং-০৭.১৪৫.০৪১.০০.০০.০৪৯.২০১০/৩৫

তারিখঃ ২০/০৭/২০১০ খ্রিঃ

বিষয় : মৎস্যখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, মান-নিয়ন্ত্রণ, আমদানি, রপ্তানি, বিপণন, বিক্রয়, বিতরণ এবং আনুষঙ্গিক কার্যাবলী সম্পাদনের নিমিত্ত প্রস্তাবিত লাইসেন্স-এর জন্য আবেদন ফি, লাইসেন্স ফি, নবায়ন ফি ও আপিল ফি অনুমোদন প্রসঙ্গে।

সূত্রঃ মপ্রাম/ম-২(আইন)মঃখাদ্যঃ পশুখাদ্য আইন-৭/২০০৬(অংশ-২)/১৮২; তারিখঃ ১০/০৬/২০১০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত মৎস্যখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, মান-নিয়ন্ত্রণ, আমদানি, রপ্তানি, বিপণন, বিক্রয়, বিতরণ এবং আনুষঙ্গিক কার্যাবলী সম্পাদনের নিমিত্ত প্রস্তাবিত লাইসেন্স-এর জন্য আবেদন ফি, লাইসেন্স ফি, নবায়ন ফি ও আপিল ফি নির্ধারণ সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হলো :

ক্রঃ নং	লাইসেন্সের ক্যাটাগরী	মৎস্য অধিদপ্তর	ফি (টাকা)			
			আবেদন ফি	লাইসেন্স ফি	নবায়ন ফি	আপিল আবেদন ফি
১	২	৩	৪	৫	৬	৭
১।	ক্যাটাগরি-১ঃ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ এবং বাজারজাতকরণ।	মৎস্যখাদ্য	৫০০/-	১০,০০০/-	৫,০০০/-	৬,০০০/-
২।	ক্যাটাগরি-২ঃ মৎস্যখাদ্য আমদানি ও রপ্তানি	মৎস্যখাদ্য	৫০০/-	১০,০০০/-	৫,০০০/-	৬,০০০/-
৩।	ক্যাটাগরি-৩(ক)ঃ মৎস্যখাদ্য বিক্রয় (পাইকারী)	মৎস্যখাদ্য	৩০০/-	১,০০০/-	৫০০/-	৬০০/-
৪।	ক্যাটাগরি-৩(খ)ঃ মৎস্যখাদ্য বিক্রয় (খুচরা)	মৎস্যখাদ্য	২০০/-	৫০০/-	২৫০/-	৩০০/-

০২। প্রস্তাবটি কার্যকর করে অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

(আবদুল হালিম)
উপ-সচিব
ফোনঃ ৯৫৭০৬৪৩।
ahalim2@finance.gov.bd

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সূত্রঃ আঃ শাকীর হোসেন, সিনিয়র সহকারী সচিব, মৎস্য-২(আইন) শাখা।